সংবাদ

তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# জাতীয় তথ্যপ্রযুক্তি বিতর্ক উৎসবে চ্যাম্পিয়ন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়



জাতীয় তথ্যপ্রযুক্তি বিতর্ক উৎসবের জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় বিজয়ী হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং রানার আপ হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। জাতীয় পর্যায়ে সারাদেশের ১৬টি আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ী ও রানার্স আপ ৩২টি দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহন করে। গত ৪ জুন বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

চ্যাম্পিয়ন দলের সদস্যরা হলেন এহসানুর রহমান আবীর, মাহবুবুল ইসলাম, সৈকত ও ইথার আদিব রহমান। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন চ্যাম্পিয়ন দলের মাহবুবুল ইসলাম।

পুরস্কার বিতরনী পর্বে ১৬টি আঞ্চলিক পর্বের বিজয়ী ১৬টি দলের সদস্যরা ৪৮টি ল্যাপটপ এবং রানার্স আপ ৪৮ জন পান স্মার্টফোন। জাতীয় পর্বে বিজয়ীরা পান ৩টি ম্যাকবুক এবং রানার্স আপ ৩ জন পান ৩টি আইফোন ৬ প্লাস।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই এলাহী চৌধুরী। তিনি উপস্থিত তরুণ বিতার্কিকদের উদ্দ্যেশে বলেন, 'স্বাধীন সার্বভৌম বাংলাদেশ আমরা পেয়েছি যুক্তির মধ্য দিয়ে। মহান মুক্তিযুদ্ধে জয় হয়েছিল যুক্তির। যে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন আমরা দেখছি সেই স্বপ্ন শুধু তরুণেরাই বাস্তব করতে পারে। সমাজের সর্বস্তরে প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করে তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়তে তরুনদেরকেই নেতৃত্ব দিতে হবে।'

অনুষ্ঠানে গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এ সময় জুনাইদ আহমেদ পলক বলেন, "তরুণদের আছে অদম্য সাহস। সমাধানের সাহস নিয়ে এগিয়ে আসে তরুণেরাই। তথ্যপ্রযুক্তি নির্ভর এমন এক দক্ষ তরুন প্রজন্ম আমাদের বিনির্মাণ করতে হবে যারা ২০২১ সালের মধ্যে আমাদের মধ্যম আয়ের দেশে উপনীত করতে পারবে। আইসিটি খাতে ২০০ মিলিয়ন তরুনের কর্মসংস্থানের করতে চাই আমরা।"

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শ্যাম সুন্দর সিকদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য নাহিম রাজ্জাক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গনযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী সম্পাদক রোবায়েত ফেরদৌস মিডিয়া আইনজীবী ও প্রাক্তন বিতার্কিক প্রশান্ত ভূষন বড়ুয়া, সেন্টার ফর-রিসার্চ এন্ড ইনফরমেশন এর নির্বাহী পরিচালক সাব্বির বিন শামস, বাংলাদেশ ডিবেট ফেডারেশন এর সাবেক সভাপতি বুলবুল হাসান। সংবাদ বিজ্ঞপ্তি।